

১৬ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

ঢাকা

সোমবার

২ চৈত্র

১৪২৬ বঙ্গাব্দ

# দৈনিক জনকণ্ঠ

নীতির প্রশ্নে আপোসহীন

The Daily Janakantha


## বারিতে গবেষণা পর্যালোচনা ও কর্মসূচী প্রণয়ন কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর। দেশের দক্ষিণাঞ্চলে চাষোপযোগী উচ্চমূল্যের ফসল বাছাইকরণের লক্ষ্যে 'গবেষণা পর্যালোচনা ও কর্মসূচী প্রণয়ন কর্মশালা ২০২০' রবিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রকল্পের বিগত বছরের কার্যক্রম মূল্যায়ন করা হয় এবং আগামী বছরের কর্মকাণ্ড পরিচালনার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়। বারির মহাপরিচালক ড. মোঃ আব্দুল ওহাব কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দেশের দক্ষিণাঞ্চলের খুলনা, বরিশাল, চট্টগ্রাম বিভাগের ১১টি জেলার ৩০টি উপজেলায় চাষোপযোগী উচ্চমূল্যের ফসল নির্বাচনে গবেষণা কার্যক্রম এই প্রকল্পের আওতায় পরিচালিত হচ্ছে। বাংলাদেশ সরকার ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের (ইফাদ) অর্থায়নে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসপি) বারি কম্পোনেন্টের আওতায় বীজ প্রযুক্তি বিভাগ এই কর্মশালার আয়োজন করে। বারির পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মোঃ মিয়াবুদ্দীনের সভাপতিত্বে বারির পরিচালক মোঃ হাবিবুর রহমান শেখ, ড. মোঃ নাজিরুল ইসলাম, রইছ উদ্দিন চৌধুরী ও মোছাঃ দিল আফরোজা খানম উপস্থিত ছিলেন। কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বারির বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পে কম্পোনেন্ট কো-অর্ডিনেটর ড. অপূর্ব কান্তি চৌধুরী।

সোমবার ঢাকা ১৬ মার্চ ২০২০, ২ চৈত্র ১৪২৬ বর্ষ ২০ সংখ্যা ৭৫ পৃষ্ঠা ৮ মূল্য ৩ টাকা

জনগণের মুখপত্র

# ভোয়ের দর্পণ



Research Review and Programme

Venue: FMPE Seminar Room, BARI

Funded by :

Organized by: Smallholder Agricultural Co-Seed Technology Division, Bangladesh

## বারি'তে কর্মশালা অনুষ্ঠিত

গাজীপুর প্রতিনিধি •

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর বীজ প্রযুক্তি বিভাগের আয়োজনে দেশের দক্ষিণাঞ্চলে চাষোপযোগী উচ্চমূল্যের ফসল বাছাইকরণের লক্ষ্যে 'গবেষণা পর্যালোচনা ও কর্মসূচী প্রণয়ন কর্মশালা ২০২০' গতকাল রবিবার ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ সরকার ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এর অর্থায়নে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসসিপি) বারি কম্পোনেন্ট এর আওতায় এই কর্মশালার আয়োজন করা হয়। এই প্রকল্পের আওতায় দেশের দক্ষিণাঞ্চলের খুলনা, বরিশাল, চট্টগ্রাম বিভাগের ১১টি জেলার ৩০টি উপজেলায় চাষোপযোগী উচ্চমূল্যের ফসল নির্বাচনে গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। কর্মশালায় প্রকল্পের বিগত বছরের কার্যক্রম মূল্যায়ন করা হয় এবং আগামী বছরের কর্মকাণ্ড পরিচালনার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়। বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়াবুল্লাহ এবং সভাপতিত্বে প্রধান অতিথি কর্মশালার উদ্বোধন করেন ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. মো. আব্দুল ওহাব। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) মো. হাবিবুর রহমান শেখ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. নাজিরুল ইসলাম, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) রইছ উদ্দিন চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) মোছা. দিলআফরোজা খানম। কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বারি'র বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির কম্পোনেন্ট কো-অর্ডিনেটর ড. অপূর্ব কান্তি চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সবজি বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির ডেপুটি কো-অর্ডিনেটর ড. এ কে এম কামরুজ্জামান। এছাড়াও কর্মশালায় ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগের প্রধানগণ, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে বারি মহাপরিচালক ড. মো. আব্দুল ওহাব বলেন, যেহেতু প্রকল্পের আওতায় দক্ষিণ অঞ্চলের ১১টি জেলার ৩০ উপজেলায় গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে বিধায় এর পরিধি ব্যাপক। আমাদের প্রযুক্তি চিহ্নিত করে দক্ষিণ অঞ্চলের জন্য যেগুলো চাষ উপযোগী তা নির্বাচন করতে পারলে প্রকল্পটি সফল হবে আমি আশা করি।

# দৈনিক তৃতীয় মাত্রা

বহুনিষ্ঠ সংবাদ প্রকাশে নতুন মাত্রা

সোমবার ১৬ মার্চ ২০২০ খ্রিঃ ২ চৈত্র ১৪২৬ ২০ রজব ১৪৪১

## বারি'তে উচ্চমূল্যের ফসল বিষয়ক পর্যালোচনা



আব্দুর রহমান, গাজীপুর : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর বীজ প্রযুক্তি বিভাগের আয়োজনে দেশের দক্ষিণাঞ্চলে চাষোপযোগী উচ্চমূল্যের ফসল বাছাইকরণের লক্ষ্যে 'গবেষণা পর্যালোচনা ও কর্মসূচী প্রণয়ন কর্মশালা ২০২০' ১৫ মার্চ রবিবার ইনস্টিটিউটের একএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল ওহাব। এসময় মধ্যে উপবিষ্ট আছেন (বাম থেকে) বারি'র পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) জনাব রইছ উদ্দিন চৌধুরী, পরিচালক (সেবা ও সরবরাহ) জনাব মো. হাবিবুর রহমান শেখ, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়াবুদ্দীন, পরিচালক (পরিচালনা ও মূল্যায়ন) ড. মো. নাজিরুল ইসলাম, বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির কম্পোনেন্ট কো-অর্ডিনেটর ড. অপূর্ব কান্তি চৌধুরী।

